প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৮টি প্রতিষ্ঠানকে ৪.৬২ লক্ষ টাকা জরিমানা

২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, মাদারীপুর, দিনাজপুর, রাজশাহী, নওগাঁ, সিলেট ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে লাজ ফার্মা ও তাজরিন ফার্মেসীকে যথাক্রমে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার)** জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চকবাজার থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কতোয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের কালকিনি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর বাঘা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব কাজী রকিবুল হাসানের নেতৃত্বে নওগাঁ এর ধামইরহাট উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩৭,০০০/- (সাঁইত্রিশ হাজার)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১,৬৮,৫০০/- (এক লক্ষ আষট্টি হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে লা ক্যাফে ট্রাস্ট ফ্যামিলি নিডসকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে নান্দনিক খাবার ঘর, গৌর মেট পেষ্টি এন্ড বেকারি, বোখারী রেস্তোরা ও সুপার সেভেন ফাস্ট ফুড এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **৫৩,০০০/- (তিপ্পান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১৩,২৫০/- (তের হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: শাহ আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হোটেল সিলভার ক্যাসেল এন্ড স্পাকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সুলতান মাহমুদ মিলন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স রয়েল টিউলিপ রেস্টুরেন্টকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আল-আমিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে নিউ পানসী রেস্টুরেন্ট, হাইওয়ে ইন, আল-আমিন ফুড ফেয়ার ও দ্যা প্যালেস লাক্সারী রিসোর্টকে যথাক্রমে **৮,০০০/- (আট হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **৬,০০০/- (ছয় হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৩৪,০০০/- (চৌত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **৯টি** বাজার তদারকির ও **১৫টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩৮টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৬২,৫০০/- (চার লক্ষ বাষট্টি হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৫ জন** অভিযোগকারীকে মং **৩১,০০০/- (একত্রিশ হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, মাদারীপুর, দিনাজপুর, রাজশাহী, নওগাঁ, সিলেট ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, মাদারীপুর, দিনাজপুর, রাজশাহী, নওগাঁ, সিলেট ও পটুয়াখালী।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।